মেহেরপুর পাবলিক লাইব্রেরীতে ছুটির দিনেও চলছে ক্লাস

সারাদেশে বইছে তীব্র তাপপ্রবাহ। সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। অতি প্রয়োজন ছাড়া দিনের বেলায় বাইরে চলাফেরা না করার পরামর্শ দিচ্ছেন আবহাওয়াবিদেরা।

শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে সরকার। অথচ মেহেরপুরের পাবলিক লাইব্রেরীতে পুরোদমে চলছিল বাচ্চাদের ক্লাস। ফলে তীব্র গরমের মধ্যে ঝুঁকি নিয়ে বাইরে বের হতে হচ্ছে ছোট্ট সোনামণিদের।

আরো পড়ুন: গাংনীতে টিউবওয়েলে উঠছে না পানি!

অভিভাবকরা বলছেন,আমরা জানি ২৭ এপ্রিল পর্যন্ত সব সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রাখা হয়েছে। কিন্তু যখন মেহেরপুর পাবলিক লাইব্রেরীর ম্যাডামকে আমার জিগ্গেস শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে কিনা তারা বলে ক্লাস চলমান থাকবে।

তারা আরো বলেন, তীব্র গরমের মধ্যেও স্বাস্থ্য ঝুঁকি নিয়ে ছেলে-মেয়েদের ক্লাস করাতে নিয়ে এসেছি। স্কুল কর্তৃপক্ষ আমাদের আসতে মানা না করাই আমরা সবাই এখানে এসেছি।

চলমান তাপপ্রবাহের মধ্যে শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা বিবেচনায় আগামী ২৭ এপ্রিল পর্যন্ত সব সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু এই ছুটির দিনেও (রবিবার ও সোমবার) ক্লাস নিয়েছে মেহেরপুর পাবলিক লাইব্রেরী।

মেহেরপুর পাবলিক লাইব্রেরীর শিক্ষিকা রেশমা খাতুন বলেন, সকল শিক্ষা প্রতিষ্ঠান ছুটি আছে সেটা আমার জানা ছিল কিন্তু ঊর্ধ্বতন স্যারকে এই বিষয়ে জিগ্গেস করলে তিনি কিছু বলেন না তাই আমি ক্লাস নিচ্ছি।

মেহেরপুর জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আয়ুব হোসেনকে এই বিষয়ে জিগ্গেস করলে তিনি বলেন, আমি ছুটি দিয়ে দিছি কিন্তু তাও ক্লাস চলেছে।